বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ
Website : www.badc.gov.bd

JC/Programmer
Programmer
15.02.18

**০৮ ও ১২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত সংস্থার ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভার সভাপতিঃ জনাব আশুতোষ লাহিড়ী, মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
সভার তারিখ ও সময়ঃ ০৮ ও ১২ ফেব্রুয়ারী, ২০১৮ বেলা ২.৩০ ঘটিকা।
সভার স্থানঃ মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) এর অফিস কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র:নং: | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবুল কালাম আজাদ | যুগ্ম-সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা। |
| ২. | জনাব মো: জুলফিকার আলী | জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা। |
| ৩. | ড. বশির আহম্মেদ | উপ ব্যবস্থাপক (এএসসি), বিএডিসি, ঢাকা। |
| ৪. | সৈয়দ ওয়াহিদ মুরাদ | সহকারী প্রধান প্রকৌশলী(নির্মাণ), বিএডিসি, ঢাকা। |
| ৫. | মো: জান্নাতুল মিয়া | উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা। |

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য-সচিব জনাব মো: আবুল কালাম আজাদ, যুগ্মসচিব (সওব্য) সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভার শুরুতে পূর্ববর্তী সভার কার্যবিবরণীর বিষয়ে সকল সদস্যের মতামত গ্রহণ করা হয়। সভার কার্যবিবরণীর বিষয়ে সকল সদস্য একমত পোষণ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল সর্ম্পকিত কর্মপরিকল্পনা এবং মন্ত্রণালয় থেকে প্রেরিত নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয় :

| ক্র:নং | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **উদ্ভাবনী ধারণার আহবান :**<br>উদ্ভাবনী ধারণার আহবান করে 'বিএডিসি ভাবনা' ফেসবুক গ্রুপে একাধিক বিজ্ঞপ্তি প্রদান করে কিছু ধারণা পাওয়া গেলেও বাস্তবায়নযোগ্য কোন ধারণা পাওয়া যায়নি। তাই ভিন্ন পদ্ধতি/প্রক্রিয়া অবলম্বন করে উদ্ভাবনী ধারণার আহবান করা যেতে পারে। | (ক) বিএডিসি ট্রেনিং ইনস্টিটিউট মধুপুর,টাঙ্গাইলে অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণে ইনোভেশন সেশন অর্ন্তভুক্ত করে উদ্ভাবনী ধারণা সংগ্রহের সুপারিশ করা হলো।<br>(খ) মাসিক সমন্বয় সভা/মাঠ পর্যায়ে কর্মকর্তাদের ত্রৈমাসিক সমন্বয় সভা/ মাঠ পর্যায়ে অনুষ্ঠিত সমন্বয় সভা/এডিপি সভায় ইনোভেশন এজেন্ডা অর্ন্তভুক্ত করে উদ্ভাবনী ধারণা সংগ্রহের সুপারিশ করা হলো।<br>(গ) উদ্ভাবনী ধারণার আহবান করে পুনরায় বিএডিসি ওয়েবসাইট এবং 'বিএডিসি ভাবনা' ফেসবুক গ্রুপে পুনরায় বিজ্ঞপ্তি প্রদান করার সুপারিশ করা হলো। | (ক) অধ্যক্ষ, বিএডিসি প্রশিক্ষণ প্রতিষ্ঠান, মধুপুর,টাঙ্গাইল<br>(খ) মহা-ব্যবস্থাপক(বীজ) /প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)/ মহা-ব্যবস্থাপক(সার ব্যবস্থাপনা)/ উপ-সচিব(সমন্বয়)<br>(গ) মো: জান্নাতুল মিয়া, উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা। |
| ০২ | **ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা/ শিক্ষাসফর:**<br>বার্ষিক কর্মপরিকল্পনায় ৫ টি প্রশিক্ষণ/ কর্মশালা/ শিক্ষাসফর আয়োজনের সংস্থান রাখা আছে যা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | (ক) মধুপুরে অবস্থিত সংস্থার ট্রেনিং ইনস্টিটিউটে ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার সুপারিশ করা হলো। | অধ্যক্ষ, বিএডিসি প্রশিক্ষণ প্রতিষ্ঠান, মধুপুর, টাঙ্গাইল/ মহা-ব্যবস্থাপক (অর্থ)। |
| ০৩ | **অংশিজনের সাথে মতবিনিময় সভা:**<br>বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী বর্ণিত বিষয়ে কমপক্ষে ৫ টি সভা আয়োজনের প্রয়োজন হবে। তাই এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | (ক) নির্মাণ বিভাগ, সার ব্যবস্থাপনা বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ, মহাব্যবস্থাপক (বীজ) দপ্তর, পাটবীজ বিভাগ এবং ক্ষুদ্রসেচ বিভাগের মাধ্যমে কমপক্ষে ০১টি করে অংশিজনের সাথে মতবিনিময় সভা আয়োজনের সুপারিশ করা হলো। মাসিক এডিপি সভার পরে সংশ্লিষ্ট | (ক) মহা-ব্যবস্থাপক (বীজ/পাটবীজ)/ প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/ নির্মাণ)/ মহা-ব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)/ যুগ্মসচিব(সাধারণ |

| | | | |
|---|---|---|---|
| | | বিভাগ মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে বর্ণিত সভা আয়োজন করতে পারেন। | পরিচর্যা)/ উপ-সচিব (সমন্বয়)। |
| ০৪ | **উদ্ভাবনী খাতে বাজেট বরাদ্দ প্রদান :** সংস্থার ইনোভেশন কার্যক্রমকে তরান্বিত করার লক্ষ্যে কর্মপরিকল্পনায় অর্ন্তভূক্ত প্রশিক্ষণ কর্মশালা/ শিক্ষাসফর আয়োজন, অংশিজনের সাথে মতবিনিময় সভা, শোকেসিং আয়োজন, সাধারণ সভা এবং সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণে কোন বাজেট বরাদ্দ না থাকায় তা বাস্তবায়ন করা যাচ্ছে না। তাই উদ্ভাবনীকে গবেষণা খাতের মধ্যে অর্ন্তভূক্ত করায় গবেষণা ও উদ্ভাবনী খাতে বাজেটের সংস্থান করা জরুরী। | আগামী সংশোধিত বাজেটে গবেষণা ও উদ্ভাবনী খাতে কমপক্ষে ৩ (তিন লক্ষ) টাকা সংস্থান করে সংস্থার ইনোভেশন টিমের কার্যক্রমে সঠিকভাবে সম্পাদনের ব্যবস্থা করার সুপারিশ করা হলো। | মহা-ব্যবস্থাপক (অর্থ)। |
| ০৫ | **উদ্ভাবনী উদ্যোগ ও SIP বাস্তবায়ন :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির APA এর আওতায় ২৫ টি SIP (Small Improvement Project) বাস্তবায়নের সংস্থান রাখা হয়েছে। বিভিন্ন উইং এর মাধ্যমে উক্ত SIP বাস্তবায়ন করা যেতে পারে। | (ক) সকল বিভাগ থেকে কমপক্ষে ০৩টি SIP সংগ্রহ ও বাস্তবায়ন করার সুপারিশ করা হলো। এক্ষেত্রে ইতোপূর্বে সংগৃহীত SIP এর নমুনা প্রদান করে সংশ্লিষ্ট সকল বিভাগকে সহায়তা করা যেতে পারে। | সকল বিভাগীয় প্রধান |
| ০৬ | **সেবা সহজীকরণের জন্য কর্মশালা আয়োজন :** এটুআই কর্তৃক সেবা সহজীকরণের জন্য কর্মশালা আয়োজনের বিষয়ে এটুআই কর্তৃক গত ১৪ জানুয়ারি ২০১৪ তারিখের ০১৯৮ নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা মোতাবেক নির্ধারিত রিসোর্স পার্সন এর মাধ্যমে বর্ণিত কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | নিয়োগ ও কল্যাণ বিভাগ/মধুপুর প্রশিক্ষণ প্রতিষ্ঠান এর মাধ্যমে বর্ণিত কর্মশালার আয়োজনের সুপারিশ করা হলো। | যুগ্মসচিব (নিওক) বিএডিসি, ঢাকা। |

০৩। উপরে বর্ণিত সুপারিশসমূহ, ইনোভেশন বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা এবং চলমান পাইলটিংসমুহের মধ্যে বীজ ও সার ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম ড. বশির আহম্মেদ, উপব্যবস্থাপক (এএসসি), বিএডিসি, ঢাকা এবং ক্ষুদ্রসেচ উইং বিষয়ক কার্যক্রম সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা তদারকী করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ও
ইনোভেশন অফিসার, বিএডিসি।

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৫.০৬.০০৮.১৭- ৬৩৭

তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৪
১৪ ফেব্রুয়ারি, ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব মোঃ আবুল কালাম আজাদ, যুগ্ম-সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
২. জনাব মো: জুলফিকার আলী, জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. ড. বশির আহম্মেদ, উপব্যবস্থাপক (এএসসি), বিএডিসি, ঢাকা।
৪. সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী(নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৫. মো: জান্নাতুল মিয়া, উপ-প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।
৬. প্রধান (মনিটরিং)..................
(সকল বিভাগীয় প্রধান)
৭. মহা-ব্যবস্থাপক (বীজ/পাটবীজ/সার ব্যবস্থাপনা/অর্থ), বিএডিসি, ঢাকা।
৮. প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৯. যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা/নিওক), বিএডিসি, ঢাকা।
১০. অধ্যক্ষ, বিএডিসি প্রশিক্ষণ প্রতিষ্ঠান, মধুপুর, টাঙ্গাইল।
১১. উপ-সচিব (সমন্বয়), বিএডিসি, ঢাকা।
১২. অফিস কপি।

১৪/০২/২০১৮
(মো: হাবিবুর রহমান)
সহকারী সচিব (সওব্য)
বিএডিসি, ঢাকা।